



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট
www.sylhetboard.gov.bd



স্মারক নং : ৩৭.১৪.৯১০০.৩০০.৪৮.০০১.১৯-২২৬৫


তারিখ: ২৯ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
১৩ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানসমূহে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী যাদের সিলেট শিক্ষা বোর্ডের আওতায় কলেজ পরিবর্তন করা প্রয়োজন তারা আগামী ১৮/০৭/২০২২ খ্রি. থেকে ১৭/০৮/২০২২ খ্রি. পর্যন্ত নিম্নবর্ণিত উপায়ে অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের পদ্ধতি নিম্নরূপ:

১. সিলেট শিক্ষা বোর্ডের ওয়েব-সাইট (www.sylhetboard.gov.bd) এর Online Application -এ e-TC (ছাড়পত্রের আবেদন) মেন্যুতে ক্লিক করে নির্দেশনা অনুসারে তথ্য প্রদান করলে আবেদনকারীর বিবরণ পাওয়া যাবে। যে কলেজে যেতে ইচ্ছুক সে কলেজ নির্বাচন করতে হবে। উল্লেখ্য, অনুরূপ গ্রুপ, অনুরূপ বিষয়, অনুরূপ ভার্শন, নূনতম জিপিএ ও খালি আসন থাকা সাপেক্ষেই কলেজ নির্বাচন করা যাবে। শিক্ষার্থীকে একটি নির্দিষ্ট মোবাইল নম্বর দিতে হবে। আবেদন Submit হওয়ার পর শিক্ষার্থী প্রদত্ত মোবাইল নম্বরে একটি গোপনীয় Security Code সহ SMS পাবে এবং এই Security Code দিয়ে শিক্ষার্থী পরবর্তীতে তার আবেদনে প্রবেশ করতে পারবে ও আপডেট জানতে পারবে।
২. আবেদন Submit করার পর Print মেন্যু থেকে আবেদনের কপি প্রিন্ট করা যাবে।
৩. শিক্ষার্থী আবেদন করার পর অধ্যয়নরত কলেজ অর্থাৎ প্রথম (নিজ) কলেজ একটি SMS পাবে। তখন কলেজ বোর্ডের ওয়েবসাইটে 'Institutional Panel' মেন্যুতে ক্লিক করে প্রতিষ্ঠানের EIIN এবং Password দিয়ে login করে 'TC Application' মেন্যুতে ক্লিক করলে টিসির আবেদন দেখতে পারবে। অতঃপর উক্ত প্রতিষ্ঠান শিক্ষার্থীর অধ্যয়নরত শ্রেণি (একাদশ), গ্রুপ, বিষয়, ভার্শন ইত্যাদি যাচাইপূর্বক আবেদনটি Forward অথবা Reject করবে। উল্লেখ্য আবেদন 'Institutional Panel' এ আসার সাত দিনের মধ্যে Forward/Reject না করলে তা Auto Forward হয়ে যাবে।
৪. প্রথম কলেজ আবেদনটি Forward করার পর টিসির জন্য আবেদনকৃত কলেজ অর্থাৎ ২য় কলেজ ১ টি SMS পাবে। তখন কলেজ 'Institutional Panel' মেন্যুতে ক্লিক করে প্রতিষ্ঠানের EIIN এবং Password দিয়ে login করে 'TC Application' মেন্যুতে ক্লিক করলে টিসির আবেদন দেখতে পারবে। অতঃপর উক্ত প্রতিষ্ঠান আবেদনকারী শিক্ষার্থীর অধ্যয়নরত শ্রেণি (একাদশ), গ্রুপ, বিষয়, ভার্শন, আসন সংখ্যা, জিপিএ, ইত্যাদি যাচাইপূর্বক আবেদনটি Forward/Reject করবে। উল্লেখ্য, ০২ (দুই) দিনের ভিতর ২য় কলেজ Forward/Reject না করলে তা Auto Forward হয়ে যাবে, আবেদন Forward/Auto Forward হওয়ার পর শিক্ষার্থী একটি SMS পাবে। ২য় কলেজ কর্তৃক আবেদন Application এর e-TC (ছাড়পত্রের আবেদন) মেন্যু এর 'আবেদনের সর্বশেষ অবস্থা' থেকে Sonali Slip প্রিন্ট করে নির্ধারিত সময়ের মধ্যে সোনালী ব্যাংকের যে কোন অনলাইন শাখায় ফি জমা দিতে হবে। যথাসময়ে ফি জমা না দিলে আবেদনটি বাতিল হয়ে যাবে।
৫. টিসি এর জন্য আবেদনকৃত কলেজ কর্তৃক আবেদন Forward এবং শিক্ষার্থী কর্তৃক ফি নির্ধারিত সময়ের মধ্যে জমা হওয়ার পর বোর্ড কর্তৃক টিসির আবেদন অনুমোদন বিবেচনা করা হবে। টিসি আবেদন অনুমোদন হলে আবেদনকারী একটি SMS পাবে। তখন বোর্ডের ওয়েবসাইটে Online Application এর e-TC মেন্যু থেকে "আবেদনের সর্বশেষ অবস্থা" বাটনে ক্লিক করে আবেদনের আইডি এবং পিন নম্বর দিয়ে login করে 'TC Order' বাটন থেকে TC Order প্রিন্ট করে নির্দেশনা অনুসারে কলেজে ভর্তি হতে হবে।
৬. আবেদনকারী তার আবেদন কোথায় কোন অবস্থায় আছে তা জানার জন্য বোর্ডের ওয়েবসাইটে Online Application এর e-TC (ছাড়পত্রের আবেদন) মেন্যুতে গিয়ে 'আবেদনের সর্বশেষ অবস্থা' বাটনে ক্লিক করে আবেদনের আইডি এবং পিন নম্বর দিয়ে তার আবেদনের অবস্থা জানতে পারবে।
৭. প্রতিদিন অতঃপর একবার বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে TC সংক্রান্ত বিষয়ে নজর রাখতে প্রতিষ্ঠানের অধ্যক্ষ মহোদয়গণকে অনুরোধ করা গেল।
৮. অত্র শিক্ষা বোর্ড থেকে অন্য শিক্ষা বোর্ডের অধীনে ভর্তির নিমিত্তে টিসি'র আবেদন অনলাইনে করা যাবে না, এর জন্য নির্ধারিত ফরমে অত্র শিক্ষা বোর্ডে আবেদন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন উক্ত মাধ্যমিক পর্যায়ভুক্ত সকল কলেজ ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (বিজ্ঞপ্তিটি অত্র শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ৭। সংরক্ষণ নথি।